হুয়াওয়ের মেট ৬০ তে হাইনিক্স মেমোরি ব্যাবহার নিয়ে তদন্ত

স্মার্টফোনের বাজারে নতুন করে প্রভাব বিস্তার করছে হুয়াওয়ের মেট ৬০ সিরিজ। বিক্রিও ঊর্ধ্বমুখী। তবে এর সঙ্গে সমালোচনাও রয়েছে। প্রশ্ন উঠছে ডিভাইসে যেসব উন্নত প্রযুক্তি ব্যবহার করা হয়েছে সেগুলোর সরবরাহকারী কারা।

টেকটাইমসের খবরে বলা হয়, মেট ৬০ সিরিজে দক্ষিণ কোরিয়ার চিপ নির্মাতা কোম্পানি এসকে হাইনিক্সের মেমোরি ব্যবহারের বিষয়টি নির্দেশ করে যে কোনোভাবে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা এড়িয়ে গেছে এটি। তবে আনুষ্ঠানিক এক বিবৃতির মাধ্যমে হুয়াওয়েকে মেমোরি সরবরাহ করার বিষয়টি নাকোচ করেছে হাইনিক্স। গত সপ্তাহে মেট ৬০ টিয়ারডাউনের একটি ভিডিওতে দেখা যায়, সেখানে এসকে হাইনিক্সের মেমোরি চিপ ব্যবহার করা হয়েছে। ২০১৯ সালে যুক্তরাষ্ট্র বেশকিছু দিক থেকে হুয়াওয়ের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে। এর মধ্যে দেশটিতে যুক্তরাষ্ট্রের প্রযুক্তি রফতানি বন্ধ করার মতো বিষয় রয়েছে। ফলে স্মার্টফোন তৈরিতে ব্যবহূত যন্ত্রাংশ সংগ্রহ করা হুয়াওয়ের জন্য কঠিন হয়ে পড়ে।

মেট ৬০ প্রোতে হাইনিক্সের চিপ ব্যবহার বলে দিচ্ছে, হুয়াওয়ে কোনোভাবে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা এড়াতে পেরেছে। আর এটি ওয়াশিংটনের মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে। তবে কোম্পানিটি জানিয়েছে, যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞায় থাকা কোনো প্রতিষ্ঠানের কাছে পণ্য সরবরাহ করা হয় না।

হুয়াওয়ের ওপর মার্কিন নিষেধাজ্ঞা আরোপের পর থেকেই ব্যবসায়িক কার্যক্রম বন্ধ করে দিয়েছে হাইনিক্স। এ বিষয়ে তদন্তও শুরু হয়েছে বলে জানা গেছে। এ ঘটনাকে ঘিরে নতুন জল্পনা শুরু হয়েছে। প্রযুক্তিবিশারদ ও বাজার বিশ্লেষকদের মতে, থার্ড পার্টি বা ফ্রন্ট কোম্পানিকে ব্যবহারের মাধ্যমে হয়তো হুয়াওয়ে চিপ সংগ্রহ করেছে। কীভাবে হাইনিক্সের মেমোরি হুয়াওয়ের কাছে পৌঁছেছে সেটি এখনো পরিষ্কার নয়। তবে এটি নিশ্চিত, হুয়াওয়ের ওপর আরো বড় নিষেধাজ্ঞা আরোপ করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র।

১৯ সেপ্টেম্বর দেশে আবারও সাইবার হামলার সঙ্কা

আগামী ১৯ সেপ্টেম্বর দেশের সাইবার স্পেসে ফের সাইবার হামলার হুমকি দিয়েছে ‘ইন্ডিয়ান সাইবার ফোর্স’ নামের একটি হ্যাকার গ্রুপ।

বাংলাদেশ ছাড়াও ২৬ নভেম্বর চীন এবং পাকিস্তান, ১১ ডিসেম্বর ইন্দোনেশিয়া এবং পাকিস্তান এবং ২৬ জানুয়ারি ২০২৪ একসাথে বাংলাদেশ, পাকিস্তান, ইন্দোনেশিয়া এবং চীনে হামলার তালিকা প্রকাশ করেছে।

এ বিষয়ে বিজিডি ই-গভ সার্টের প্রজেক্ট পরিচালক ইঞ্জি. সাইফুল আলম খান জানিয়েছেন, বিষয়টির গুরুত্ব অনুধাবন করে আমরা এরইমধ্যে সিআইআই ভুক্ত প্রতিষ্ঠান ছাড়াও গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোকে সতর্কতা মূলক চিঠি পাঠানো হয়েছে।

এর আগে ১৫ আগস্ট গ্রুপটি বাংলাদেশে সাইবার হামলার হুমকি দিয়েছিল। সরকারি হিসাবে সেদিন ১০টির বেশি ওয়েবসাইটে ডিডস হামলা চালায় হ্যাকাররা। সে সময় বিভিন্ন ব্যাংক সহ আর্থিক প্রতিষ্ঠানের তথ্য বেহাতের দাবি জানায় গ্রুপটি।

সূত্র: ইত্তেফাক

বদল আসছে গুগল ক্রোমে

ক্রোমের ডেস্কপ্টপ ভার্সনে বদল আসতে চলেছে। উইন্ডোজে সর্বাধিক জনপ্রিয় এই ব্রাউজারে ডিজাইন ম্যাটারিয়ালে আগামি সপ্তাহেই নানা বদল আসবে বলে জানা গেছে।

নতুনের মধ্যে আইকনে পরিবর্তন আসবে। তাছাড়া ক্রোমের রঙেও বদল আসছে। আপনার ট্যাব আর টুলবারে ইতিবাচক বদল আসবে। ক্রোম ব্রাউজারেই নতুন লুক দেওয়া হচ্ছে এমন নয়। গুগল তাদের ক্রোম ওয়েব স্টোরও আপডেট করছে। ডিজাইন ফ্লেয়ার দিয়ে আরও সুন্দর করার চেষ্টা চলছে। সম্প্রতি পাবলিক প্রিভিউতে নতুন ডিজাইন উন্মুক্তও করা হয়েছে। নতুন স্টাইলটি পুরোনো ক্রোম থেকে অনেক ভাল।

সেফ ব্রাউজিং টুলের ক্ষেত্রেও গুগল নতুন আপডেট নিয়ে আসছে। আপনার ব্রাউজিং নিরাপদ করারও নানা চেষ্টা করছে। যখনই বিপদজনক কোনো সাইটে আপনি ঘুরবেন তখন গুগল সাইটটিকে একটি লিস্টে রাখে এবং ৩০-৬০ মিনিটের ভেতর আপডেট করে। গুগল কর্তৃক বাজে সাইটের লিস্ট আপনাকে ঝুঁকিপূর্ণ সাইটে ব্রাউজ করা থেকে বাচাতে পারে। আর ঝুঁকি শনাক্তের এই সময় কমিয়ে আনার মাধ্যমে ম্যালওয়ারের বিরুদ্ধে গুগল ২৫ শতাংশ বেশি কার্যকর হবে।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের ৪৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

আলোচনা সভা ও সমাবেশের মধ্য দিয়ে মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

আজ শনিবার (৯ সেপ্টেম্বর) সকাল ১১ টায় মেহেরপুর জেলা মহিলা দলের আয়োজনে জেলা বিএনপির কার্যালয়ের সামনে বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের ৪৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে দলীয় ও জাতীয় পতাকা উত্তোলনসহ সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, জেলা মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়ন এর সভাপতিত্বে এসময় আরও উপস্থিত ছিলেন

জেলা মহিলা দলের সাধারণ সম্পাদিকা লায়লা আরজুবান বানু, সিনিয়র সহ-সভাপতি পলি খাতুন বেদানা, সহ-সভাপতি সাবিয়া আক্তার সহ জেলা মহিলা দলের নেতৃবৃন্দরা।

প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুণ বলেন, ‘প্রতিষ্ঠাবার্ষিকীর অঙ্গীকার, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার, গণতন্ত্র পুনরুদ্ধার। এই সরকারের অধীনে আর কোন নির্বাচন নয়। গায়েবী মামলা, হামলা করে আমাদের দমানো যাবে না।’

স্পটিফাইয়ে বিজ্ঞাপনের সুবিধা হচ্ছে সীমিত

চলতি মাস থেকে স্পটিফাইয়ে বিজ্ঞাপন থেকে আয়ের সুবিধা সীমিত হতে চলেছে। তারমধ্যে অ্যামবিয়েন্ট হোয়াইট নয়েজ পডকাস্টগুলো বিজ্ঞাপন থেকে আয় করার সুবিধা খোয়াচ্ছে। অ্যাম্বিয়েন্ট হোয়াইট নয়েজ পডকাস্ট মূলত সাধারণ অডিও ফাইল। এসব অডিও মূলত বৃষ্টির ঝিরিঝিরি শব্দ বা অন্য কোনো সুর একটানা শোনায়৷ অনেকে যোগব্যায়াম কিংবা রাতে ঘুমোনোর আগে অ্যাম্বিয়েন্ট সাউন্ড শুনে মন ধ্যানস্থ ও শান্ত করার চেষ্টা করে।

স্পটিফাই থেকে আয়ের একটি বড় উৎস অ্যাম্বাস্যাডর অ্যাড প্রোগ্রাম। স্পটিফাইয়ের কথা আপনার পডকাস্টের মাধ্যমে প্রচার করলে আপনি স্পটিফাই থেকে আয় করতে পারবেন। এতদিন প্রায় সবাই এর সুযোগ-সুবিধা উপভোগ করেছে। কিন্তু ১ অক্টোবর থেকে হোয়াইট নয়েজ পডকাস্ট ক্রিয়েটররা আর আয় করতে পারবেন না। তারা অ্যাম্বাস্যাডর অ্যাড প্রোগ্রামের জন্য যোগ্য বিবেচিত হবেন না আর।

তবে এর মানে এই নয় যে হোয়াইট নয়েজ পডকাস্টারদের আয় একেবারেই বন্ধ। তারা পেইড সাবস্ক্রিপশন, অটোমেটেড বিজ্ঞাপন ব্যবহার করতে পারবে। অটোমেটেড বিজ্ঞাপনের মাধ্যমে ইউটিউবের মতো থার্ড পার্টি লিংক তৈরি করে বিজ্ঞাপনের মাধ্যমে আয়ের সুযোগ রয়েছে।

স্পটিফাইয়ের অ্যাম্বাস্যাডর প্রোগ্রাম আয়ের একটি ভালো উৎস। জানুয়ারিতে প্রকাশিত এক সূত্রে জানা গেছে, এই বিজ্ঞাপন পদ্ধতি মূলত ইম্প্রেশনের ভিত্তিতে টাকা দেয়। একজনের ইম্প্রেশন ভালো হলে তিনি ১৮ হাজার মার্কিন ডলারও আয় করতে পারবেন। স্পটিফাই এখন কথা বলে বা পডকাস্টেই জোর দিতে চায়। তাদের ধারণা পডকাস্ট আর অ্যাম্বাস্যাডর বিজ্ঞাপন চলতি বছর তাদের ৩৮ মিলিয়ন মার্কিন ডলারের লাভ দিতে পারবে। বিষয়টি নিঃসন্দেহে চমৎকার সন্দেহ নেই।

সূত্র: দ্য ভার্জ

থাকছে না ৩ ও ১৫ দিনের ইন্টারনেট ডেটা প্যাকেজ

বর্তমানে মোবাইল অপারেটরদের ৯৫ ধরনের প্যাকেজ আছে। তাদেরকে প্যাকেজ সংখ্যা ৪০ এর মধ্যে সীমাবদ্ধ করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। গত ৩ সেপ্টেম্বর মোবাইল অপারেটরদের ১৫ অক্টোবর থেকে ৩ ও ১৫ দিন মেয়াদি ইন্টারনেট ডেটা প্যাকেজ বন্ধের নির্দেশ দেয় বিটিআরসি। ১৫ অক্টোবর থেকে মোবাইল ব্যবহারকারীরা ৭ বা ৩০ দিন মেয়াদি ইন্টারনেট ডেটা প্যাকেজ কেনার সুযোগ পাবেন। অনির্দিষ্টকাল মেয়াদে ডেটা প্যাকেজ কেনার সুবিধাও থাকছে।

টেলিকমিউনিকেশন খাতের বিশেষজ্ঞ ও ভোক্তা অধিকার সংস্থার মতে, এর মাধ্যমে ভোক্তাদের পছন্দের স্বাধীনতা সীমিত করা হলো। এই উদ্যোগটি তৃণমূল, নিম্ন-আয়ের ও তরুণদের ওপর আর্থিক প্রভাব ফেলবে এবং এর কারণে টেলিকম পরিষেবা, বিশেষত ইন্টারনেটের ব্যবহার কমবে।

তবে বিটিআরসি বলছে, তারা মোবাইল ব্যবহারকারীদের ওপর জরিপ করে এই সিদ্ধান্তে পৌঁছেছে যে, গ্রাহকরাও অফার প্যাকেজ সীমিত করার পক্ষে। যদিও বিটিআরসির এই সিদ্ধান্তের বিরোধিতা করেছে মোবাইল অপারেটররা। তাদের মতে, বিটিআরসির জরিপে এমন ধরনের প্রশ্ন ছিল, যা উত্তরদাতাদের উত্তরকে প্রভাবিত করেছে।

গত ৩০ মে বিটিআরসির জরিপের ফলাফল প্রকাশ অনুষ্ঠানে বক্তব্য রাখা অনেক গ্রাহকও বলেন, তারা আরও প্যাকেজ চান, বিশেষ করে ওটিটি ব্যবহার ও শিক্ষার্থীদের জন্য।

সূত্র: ইত্তেফাক

ওয়ার্ডপ্যাড সরিয়ে দিচ্ছে মাইক্রোসফট

উইন্ডোজ ৯৫ এর অংশ হিসেবে ওয়ার্ডপ্যাড (Wordpad) এর যাত্রা শুরু। এখনও অনেকে মাইক্রোসফট অফিস ব্যবহার না করে ডক বা ওয়ার্ড প্রসেসর হিসেবে এই অ্যাপটিই ব্যবহার করে আসছে।

কিন্তু সম্প্রতি মাইক্রোসফট জানিয়েছে, ভবিষ্যতে তারা ওয়ার্ডপ্যাডে আর কোনো আপডেট আনবে না এবং নতুন সংস্করণে ওয়ার্ডপ্যাড একেবারে সরিয়ে দেওয়া হবে। সফটওয়্যার জায়ান্ট চায় তাদের ব্যবহারকারীরা যেন মাইক্রোসফট ওয়ার্ড কিনে ব্যবহার করে।

ওয়ার্ডপ্যাড সরিয়ে দেওয়ার খবরটি এলো তো এলো নোটপ্যাড আপডেটের খবরের দুদিন পরে। মাইক্রোসফট কদিন আগেই জানিয়েছে, তারা নোটপ্যাড অ্যাপে আপডেট আনছে। ২০১৮ সালে সর্বপ্রথম নোটপ্যাডে আপডেট আনা হয় এবং উইন্ডোজ ১১ সংস্করণে ট্যাব দেওয়া হয়। ওয়ার্ডপ্যাডে অবশ্য আগেও এত মনোযোগ দেওয়া হয়নি।

উইন্ডোজ ৭ এর রিবন সংস্করণে এটিতে পরিবর্তন আনা হয় আবার উইন্ডোজ ৮ এর সময় আরেকটু আপডেট করা হয়। মাইক্রোসফট ২০২৪ নাগাদ উইন্ডোজ ১২ উন্মুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে যেখানে ধারণা করা হচ্ছে অনেক কৃত্রিম বুদ্ধিমত্তা সম্বলিত ফিচার পাওয়া যাবে।

সূত্র: দ্য ভার্জ

[redacted]

[redacted]

[redacted]

[

দেশের দুই স্মার্ট এক্সপ্রেসওয়েতে থাকছে আইটিএস প্রযুক্তি

দেশের প্রথম স্মার্ট হাইওয়ে ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে উদ্বোধন করা হবে আগামী ডিসেম্বরে। দ্বিতীয়টি এক্সপ্রেসওয়েটি জয়দেবপুরকে রংপুরের সাথে সংযুক্ত করবে। উভয় মহাসড়কই ‘ইন্টেলিজেন্ট ট্রান্সপোর্ট সিস্টেম (আইটিএস) যুক্ত থাকবে। যাতে যানবাহন শনাক্তকরণ ব্যবস্থা, নজরদারি ক্যামেরা, স্বয়ংক্রিয় নম্বর প্লেট শনাক্তকরণ ক্যামেরা, গতি শনাক্তকরণ প্রক্রিয়া এবং পরিবর্তনশীল মেসেজিং সাইন অন্তর্ভুক্ত করা হয়েছে।

সওজ-এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী এম তানভীর সিদ্দিক জানান, ৩৮ কিলোমিটার ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে হবে প্রথম স্মার্ট হাইওয়ে যেখানে পাইলট প্রকল্প হিসেবে চলতি বছরের ডিসেম্বরে আইটিএস সম্পূর্ণভাবে ইনস্টল করা হবে।

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের প্রকল্প পরিচালক সিদ্দিক বলেন, ১২৬ কোটি টাকার পরিকল্পনার অংশ হিসেবে দক্ষিণ কোরিয়ার কোইকার (কেওআইসিএ) সহায়তায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে।

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর ১৫ মিলিয়ন মার্কিন ডলারের সহায়তায় ২০২৪ সালের ডিসেম্বরে ২৫০ কিলোমিটার জয়দেবপুর-রংপুর মহাসড়কে প্রযুক্তিটি চালু করার কাজ চলছে।

সরকার সড়ক নিরাপত্তা ব্যবস্থার অংশ হিসাবে গতি এবং ওজন সীমা অতিক্রমকারী যানবাহন শনাক্ত করার প্রযুক্তি আনা হয়েছে। যা সীমা লঙ্ঘনকারীদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের জন্য যথাযথ প্রমাণ হাজির করবে। উন্নত দেশগুলোর সঙ্গে তাল মিলিয়ে মহাসড়কের নজরদারি জোরদার করা হবে বলে জানিয়েছেন সওজ-এর তত্ত্বাবধায়ক।

জয়দেবপুর-রংপুর স্মার্ট হাইওয়েটি দক্ষিণ এশিয়া উপ-আঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতার (এসএএসইসি) করিডোর হিসাবে বিবেচিত হবে। এসএএসইসি গ্রুপে রয়েছে বাংলাদেশ, ভুটান, ভারত, মালদ্বীপ, মিয়ানমার, নেপাল এবং শ্রীলঙ্কা।

বাংলাদেশি অবকাঠামো সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স (এনডিই) এবং চাইনিজ ফার্ম ফাইবার হোম টেলিকমিউনিকেশন টেকনোলজিস কোম্পানি লিমিটেডকে জয়দেবপুর-রংপুর স্মার্ট হাইওয়ে বাস্তবায়নের দায়িত্ব পেয়েছে। চুক্তির আওতায় বাংলাদেশি আইটি ফার্ম ন্যাশনাল টেককে যথাক্রমে ঢাকা-মাওয়া এক্সপ্রেওয়ের কাজ দেয়া হয়।

এনডিই ইনফ্রাটেক, এনডিই-এর একটি উদ্যোগের ব্যবস্থাপনা পরিচালক রিয়াদ এস এ হুসেন বলেন, ‘আমরা আমদানি করা হার্ডওয়্যার এবং সরঞ্জামগুলো স্থাপনের জন্য অর্ডার দিয়েছি। ২০২৪ সালের ডিসেম্বরের মধ্যে (জয়দেবপুর-রংপুর মহাসড়কের) কাজটি শেষ করতে পারব।

তিনি বলেন, শহরের মিরপুর এলাকার পাইকপাড়ায় একটি কেন্দ্রীয় ট্রাফিক ম্যানেজমেন্ট সেন্টার (টিএমসি) স্থাপন করা হবে। কেন্দ্রের তিনটি আঞ্চলিক টিএমসি থাকবে টাঙ্গাইলের পাকুল্লা, বগুড়ার মোকামতলা এবং রংপুরের ইসলামপুরে।

কেন্দ্রগুলো আইটিএস সিস্টেমের মাধ্যমে পুরো হাইওয়ে পর্যবেক্ষণ করবে। দুর্ঘটনা এবং অন্য বাধা শনাক্ত করার জন্য আইটিএসের একটি ‘ভেহিক্যাল ডিটেকটিভ সিস্টেম (ভিডিএস)’ থাকবে।

তিনি বলেন, হাইওয়ে বরাবর নজরদারি ক্যামেরাগুলোর মাধ্যমে টিএমসি কর্মীরা মহাসড়কে ২৪ ঘণ্টা নজরদারি করার সুযোগ পাবে এবং স্বয়ংক্রিয় নম্বর প্লেট রিকগনিশন (এএনপিআর) ক্যামেরাগুলো তাদের ট্র্যাফিক নিয়ম লঙ্ঘনকারী বা লোড এবং গতি সীমা অতিক্রমকারী যানবাহন শনাক্ত করতে সহায়তা করবে।

প্রযুক্তিসংশ্লিষ্ট কর্তৃপক্ষকে গতি শনাক্তকরণ সিস্টেমের মাধ্যমে গতি শনাক্ত করতে সহায়তা করবে। এলইডি-সক্ষম ভেরিয়েবল মেসেজিং সাইন (ভিএমএস) হাইওয়ের ধারে গ্যান্ট্রিগুলোতে ইনস্টল করা হবে। যা যানবাহনগুলোকে রাস্তায় কোনো বিপদ বা অস্বাভাবিক জিনিস সম্পর্কে আগাম বার্তা দেবে।

কোনো ট্রাক নির্ধারিত সীমার বেশি পণ্য বহন করছে কিনা তা পর্যবেক্ষণের জন্য টাঙ্গাইলের পাকুল্লা, বগুড়ার মহাস্থানগড় এবং রংপুরের ইসলামপুরে তিনটি এক্সেল লোড কন্ট্রোল সেন্টার স্থাপন করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[